প্রথম আলো

তারিখ: 26 NOV 2017
পৃ. ... ৮ ... কলাম ... ৭

# ৫৫ বাংলাদেশি শিক্ষার্থী বিশ্বসেরা

## জিসিএসই, এ লেভেলের ৭০৯ শিক্ষার্থীকে সংবর্ধনা

ইংরেজি মাধ্যমের জেনারেল সার্টিফিকেট অব সেকেন্ডারি এডুকেশন (জিসিএসই) এবং এ লেভেল পরীক্ষায় বাংলাদেশের ৫৫ জন শিক্ষার্থী বিভিন্ন বিষয়ে সারা বিশ্বে সর্বোচ্চ নম্বর পেয়েছে। তারাসহ ভালো ফল অর্জনকারী ৭০৯ জন বাংলাদেশি শিক্ষার্থীকে সংবর্ধনা দিয়েছে এডএক্সেল। পিয়ারসন এডএক্সেল যুক্তরাজ্যের অন্যতম বড় সনদ প্রদানকারী প্রতিষ্ঠান।

গতকাল শনিবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এই সংবর্ধনার আয়োজন করা হয়। এতে সহযোগিতা করে ব্রিটিশ কাউন্সিল। এটি তাদের এমন ষষ্ঠ আয়োজন।

সংবর্ধনাপ্রাপ্তদের মধ্যে ৪৬০ জন শিক্ষার্থী জিসিএসইর অন্তত ৭টি বিষয়ে এ পেয়েছে। কয়েকজন শিক্ষার্থী ১১টি বিষয়ে এ গ্রেড পেয়েছে। আর এ লেভেলে চারটি বিষয়ে এ গ্রেড পেয়েছে ১১৩ জন। আর কয়েকজন পেয়েছে ছয়টি বিষয়ে এ গ্রেড। ভালো ফলের জন্য তাদের পুরস্কার দেওয়া হয়।

অনুষ্ঠানে ব্রিটিশ কাউন্সিলের বাংলাদেশের পরিচালক বারবারা উইকহ্যাম বলেন, বাংলাদেশে অসংখ্য মেধাবী তরুণ রয়েছে। তাদের দিয়ে একটি উন্নত বিশ্ব গঠন ও অর্থনৈতিক অগ্রযাত্রায় অবদান রাখার সম্ভাবনা আছে। এডএক্সেলের মতো গ্রহণযোগ্য ও সুনামসম্পন্ন প্রতিষ্ঠানের পরীক্ষায় ভালো নৈপুণ্য অর্জনই তার উজ্জ্বল প্রমাণ। তিনি এ বছর সাফল্য অর্জনকারী সব শিক্ষার্থীকে শুভকামনা জানান।

ব্রিটিশ কাউন্সিল বাংলাদেশের পরিচালক (পরীক্ষা) আন্দ্রিয়ানি পাপাপেরিক্লিয়াস বলেন, '৪৫ বছর ধরে ব্রিটিশ কাউন্সিল সফলতার সঙ্গে বাংলাদেশে পিয়ারসন এডএক্সেলের এই সনদ দিয়ে আসছে। বাংলাদেশের তরুণদের আন্তর্জাতিক শিক্ষার সম্ভাবনার দ্বার উন্মুক্ত এবং তাদের জন্য আন্তর্জাতিক শিক্ষার সুযোগ সৃষ্টি করতে ধারাবাহিকভাবে সহায়তা করার আশ্বাস দেন তিনি।

পিয়ারসন যুক্তরাজ্যের সহসভাপতি ডেরেক রিচার্ডসন বলেন, 'আমাদের সনদ, পাঠ্যক্রম উপকরণ, মাল্টিমিডিয়া প্রশিক্ষণ এবং পরীক্ষা কর্মসূচি বিশ্বের লক্ষাধিক মানুষকে শিক্ষিত করে তুলতে সহায়তা করছে।'

অনুষ্ঠানে পিয়ারসন বাংলাদেশের আঞ্চলিক ব্যবস্থাপক সাইদুর রহমান, পিয়ারসন ভারতের স্কুল কর্মসূচির সহসভাপতি হরিশ দোরাইস্বামী প্রমুখ উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি